

টিকাগুলিতে কী পশু পণ্য আছে?

না। কোনও টিকাতে পশু সামগ্রী নেই। ওষুধ এবং স্বাস্থ্যসেবা পণ্য নিয়ামক সংস্থা (MHRA)-র ওয়েবসাইটে স্বাস্থ্যসেবা তথ্য বিভাগে সকল উপাদান প্রকাশ করা হয়েছে।

আমি কী গর্ভবতী হলে, স্তন্যপান করালে বা গর্ভবতী হতে চেষ্টা করলে টিকা নিতে পারি?

টিকা নেওয়ার আগে একজন স্বাস্থ্যসেবা পেশাদার ব্যক্তির সাথে কথা বলুন। ওনারা আপনার সাথে উপকার এবং ঝুঁকিগুলি আলোচনা করবেন। আপনার Pfizer/BioNTech বা Moderna টিকা নেওয়া উচিত কারণ অন্য দেশগুলিতে গর্ভাবস্থাকালীন এই টিকা অনেক ব্যবহার করা হয়েছে এবং কোনও নিরাপত্তা সমস্যা সৃষ্টি হয় নি।

হ্যাঁ, আপনি স্তন্যপান করালে COVID-19 টিকা আপনি নিতে পারেন। আপনার গর্ভবতী হওয়ার সম্ভাবনার উপর COVID-19 টিকার প্রভাব থাকার কোনও প্রমাণ নেই। এই টিকার মাধ্যমে আপনি বা আপনার শিশু COVID-19-এ আক্রান্ত হবেন না।

কোন টিকা নেব আমি কী তা পছন্দ করতে পারি?

না। NHS-এর প্রদত্ত টিকাগুলি অনুমোদিত কারণ এইগুলি নিরাপত্তা পরীক্ষায় সফল হয়েছে। 40 বছরের কম বয়স্ক গর্ভবতী মহিলাদের Pfizer বা Moderna নিতে সুপারিশ করা হয়।

আমার চরম অ্যালার্জি থাকলে কী আমি টিকা নিতে পারি?

গুরুতর অ্যালার্জি প্রতিক্রিয়া বিরল। অতীতে আপনার কখনও গুরুতর অ্যালার্জি প্রতিক্রিয়া হয়ে থাকলে স্বাস্থ্যসেবা পেশাদার ব্যক্তিকে বলুন। টিকার দরুন আপনার একটি প্রতিক্রিয়া হলে, সাধারণত তা কয়েক মিনিটের মধ্যেই হয়। যে কর্মী টিকা দিচ্ছেন তিনি অ্যালার্জি প্রতিক্রিয়া সামলানো এবং অবিলম্বে তার চিকিৎসা করার জন্য প্রশিক্ষিত।